



নির্বাচনী প্রতীক হিসেবে ‘শাপলা কলি’ নিতে আগ্রহী জাতীয় নাগরিক পার্টি



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় নির্বাচনে প্রতীক হিসেবে ‘শাপলা কলি’ ব্যবহারের আগ্রহ জানিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলটির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী জানিয়েছেন, সব আনুষ্ঠানিক প্রক্রিয়া সম্পন্ন করে তারা প্রতীকের অনুমোদনের অপেক্ষায় রয়েছেন।

রবিবার (২ নভেম্বর) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে নির্বাচন কমিশনের (ইসি) সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান।

নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, “আমরা নির্বাচন কমিশনের নিয়ম অনুযায়ী সব নথিপত্র জমা দিয়েছি। আমাদের দল নির্বাচনে অংশ নিতে প্রস্তুত এবং আমরা আশা করছি ‘শাপলা কলি’ প্রতীকেই ভোটের মাঠে দেখা যাবে এনসিপিকে।”

তিনি আরও বলেন, এনসিপি একটি গণমুখী রাজনৈতিক সংগঠন হিসেবে স্বচ্ছ ও অংশগ্রহণমূলক নির্বাচনে বিশ্বাস করে। নির্বাচনে প্রতীক পাওয়া দলের সাংগঠনিক শক্তি আরও বাড়াবে বলেও আশা প্রকাশ করেন তিনি।

বিস্তারিত আসছে...